ভাষা এবং সাক্ষরতা

# বলা এবং শোনা

## Speaking and listening





ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/)। OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

### ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: । এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করণ 1.0 LL03v1

West Bengal

তৃতীয় কেষর উ াদানগুলি বা অন্যর্থায় বর্ণিত না হলে এই সামগ্রীর্ত একর্ত ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউ ন-( য়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উ লব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

# এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটটি অর্থপূর্ণ কথা বলা এবং শোনার সুযোগ কীভাবে শ্রেণিকক্ষে কার্যকরভাবে পড়ানো ও শেখানোয় সাহায্য করে সেটা তুলে ধরে।

আপনার শিক্ষার্থীদের বলা এবং শোনার দক্ষতার বিকাশ ঘটাতে আপনি বিভিন্ন কার্যকলাপের পরিকল্পনা এবং মূল্যায়ন করবেন। আপনি এটাও বিবেচনা করবেন যে আপনার শিক্ষার্থীদের কথা শোনা থেকে কীভাবে আপনি তাদের শিক্ষার মূল্যায়ন ও আপনার ভবিষ্যৎ পাঠ পরিকল্পনার জন্য তথ্য সংগ্রহ করতে পারেন।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের সৃজনশীল কথা বলার মূল্য।
- কথা বলা এবং শোনার কার্যকলাপের ভিত্তি হিসেবে কীভাবে ছবি ব্যবহার করতে হয়।
- শিক্ষার্থীদের কথাবার্তা ব্যবহার করে কীভাবে তাদের বোঝার ও অগ্রগতির মূল্যায়ন করা যেতে পারে, যাতে আপনি সেই অনুযায়ী আপনার প্রশিক্ষণ পরিকল্পনা পরিবর্তন করতে পারেন।

# কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ

সমস্ত পাঠক্রমের ক্ষেত্রে কথা বলা ও শোনা হল পড়ানো এবং শেখার জন্য কেন্দ্রীয় বিষয়। কথা বলা সাক্ষরতারও ভিত্তি। ছোট বাচ্চারা পড়া বা লেখার আগে ভালভাবে শোনে এবং বলে। তারা শেখে যে তাদের চাহিদা এবং ইচ্ছে প্রকাশ করতে, জিনিসপত্র সম্পর্কে জানতে, এবং কল্পনাপ্রবণ, অনুসন্ধানমূলক খেলায় অংশগ্রহণ করতে তারা কথার ব্যবহার করতে পারে। শিশুদের ভাষার দক্ষতা বৃদ্ধি করার উদ্দেশ্যে বিভিন্ন প্রেক্ষিতের পরিসরে তাদের বিভিন্ন বিষয় সম্পর্কে শোনা এবং কথা বলার জন্য সুযোগ প্রয়োজন, যা তাদের স্কুলে সাফল্য অর্জন বাড়াবে।

# 1 কথা বলা এবং শেখা

প্রথাগত শ্রেণিকক্ষে, প্রায়ই শিক্ষক আলোচনার ক্ষেত্রে কর্তৃত্ব করেন। কিন্তু, শেখার প্রতি শিক্ষার্থীর মনোভাব – সেইসঙ্গে তাদের শেখার লাভ – লক্ষণীয়ভাবে উন্নত হয়, যখন তারা তাদের নিজস্ব কথার মাধ্যমে সক্রিয়ভাবে শেখার প্রক্রিয়ায় জড়িত থাকে।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- শিক্ষার্থীদের শেখার প্রক্রিয়ায় 'সক্রিয়ভাবে জড়িত' হওয়া বলতে আপনি কী বোঝেন? এটা কি শুধু শিক্ষকের প্রশ্নের উত্তর দেওয়া, অথবা তার থেকেও বেশি কিছু?
- আপনার শিক্ষার্থীরা তাদের শ্রেণিকক্ষের শেখায় 'সক্রিয়ভাবে জড়িত' কিনা তা আপনি কীভাবে জানবেন?

একজনের বিদ্যমান জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতায় নতুন দৃষ্টিকোণ যোগ করা এবং লাভ করা শেখার অন্তর্ভুক্ত। কথা বলা এই প্রক্রিয়ায় মুখ্য ভূমিকা পালন করে কারণ এটা শিক্ষার্থীদের নিজেদের চিন্তাধারা স্পষ্টভাবে প্রকাশে, তাদের কাছে কোনটা স্পষ্ট নয় তা প্রকাশে, প্রশ্ন জিজ্ঞাসায়, নতুন ধারণা অন্বেষণে, এবং তাদের শিক্ষক ও সহপাঠীদের সঙ্গে আদানপ্রদান থেকে শিখতে সহায়তা করে।

এই প্রথম কার্যকলাপে, আপনি শেখার জন্য কথা বলার মূল্য সম্পর্কে ভাববেন।

## অ্যাক্টিভিটি 1: শেখার জন্য কথা বলা

সম্ভব হলে একজন সহকর্মীর সঙ্গে এই অ্যাক্টিভিটি চালান।

প্রথমে, সম্পদ 1 পড়ুন, ‘শেখার জন্য কথা বলা’। আপনার পড়া শেষ হলে, নিম্নলিখিত দুটো অংশ যত্ন সহকারে আবার পড়ুন:

- তাদের পূর্ব অভিজ্ঞতার উপরে কাজটি তৈরি করা হলে এবং উপভোগ্য হলে, এমনকি সীমিত অক্ষরজ্ঞান ও সংখ্যাগত দক্ষতাসম্পন্ন অল্পবয়সী শিক্ষার্থীরাও উচ্চতর চিন্তার দক্ষতা প্রদর্শন করতে পারে। উদাহরণস্বরূপ, শিক্ষার্থীরা একটি গল্প, পশু বা ফটোর কোনো আকার, আঁকা ছবি বা বাস্তব জিনিসগুলো সম্বন্ধে পূর্বাভাস দিতে পারে। শিক্ষার্থীরা একটি চরিত্র অভিনয়ের মাধ্যমে কোনো পুতুল বা চরিত্রের কাছে সমস্যাগুলো সম্পর্কে তাদের পরামর্শ এবং সম্ভাব্য সমাধানগুলো জানাতে পারে।
- আপনি শিক্ষার্থীদের কী শেখাতে ও চিন্তাভাবনা করাতে চান, এবং আপনি শিক্ষার্থীদের দিয়ে কোন ধরনের আলোচনা প্রস্তুত করাতে চান, তাকে কেন্দ্র করে পাঠটির পরিকল্পনা করুন।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

সম্পদ 1-এ প্রস্তাব করা হয়েছে যে শিক্ষার্থীরা ছবি, আঁকা বা আসল বস্তু থেকে কোনো গল্প, কোনো প্রাণী বা একটা আকৃতি সম্পর্কে অনুমান করতে পারে, এবং শিক্ষার্থীরা একটা পুতুল বা কোনো ভূমিকায় অভিনয় করা একটা চরিত্রকে সমস্যাগুলির সম্ভাব্য সমাধান ও পরামর্শ দিতে পারে।

- কীভাবে এই ধারণা দ্বিতীয় শ্রেণিতে প্রয়োগ করা যেতে পারে সেই সম্পর্কে একটা উদাহরণ ভাবুন। আপনি কি কি সম্পদ, বিষয় বা অ্যাক্টিভিটি ব্যবহার করতে পারেন?
- কীভাবে এই ধারণা সপ্তম শ্রেণিতে প্রয়োগ করা যেতে পারে সেই সম্পর্কে একটা উদাহরণ ভাবুন। কি কি সম্পদ, বিষয় বা অ্যাক্টিভিটি উপযুক্ত হবে?

প্রশ্নগুলো বিবেচনা করুন: ‘এরপরে কী ঘটতে পারে?’, ‘আমরা কি আগে এটা দেখেছি?’, ‘এটা কী হতে পারে?’ এবং ‘কেন তুমি ওটা মনে কর?’

- শ্রেণিকক্ষের কিছু কার্যকলাপের কথা ভাবুন যেখানে আপনি প্রথম শ্রেণিতে এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করবেন।
- শ্রেণিকক্ষের কিছু কার্যকলাপের কথা ভাবুন যেখানে আপনি ষষ্ঠ শ্রেণিতে এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করবেন।

এখন আবার আপনার সাম্প্রতিক পাঠ মনে করুন। আপনি কি এমন কোনো সময় চিহ্নিত করতে পারেন যখন আপনার শিক্ষার্থীরা অনুসন্ধানমূলক কথা বলেছিল? এই ধরনের আলোচনা কোন বিষয় বা প্রসঙ্গগুলোর সাথে সম্পর্কিত ছিল?

শেখার জন্য কথা বলা সব বয়সের শিক্ষার্থীদের জন্য মূল্যবান। শিক্ষার্থীদের উদ্দেশ্যপূর্ণ ভাবে কথা বলার যত বেশি সুযোগ দেওয়া হবে, চিন্তাশীল ভাবে কথা বলা ও শোনার ক্ষেত্রে তারা তত বেশি দক্ষ হয়ে উঠবে।

### ভিডিও: শেখার জন্য কথা বলা

# 2 শিক্ষার্থীদের কথা বলার মাধ্যম হিসাবে ছবি ব্যবহার করা

কেস স্টাডি 1 পড়ুন, যেটি দেখায় প্রথম শ্রেণির একজন শিক্ষক তাঁর শিক্ষার্থীরা যা জানে সে সম্পর্কে বলতে তাদের উৎসাহিত করার জন্য কীভাবে ছবি ব্যবহার করেন।

## কেস স্টাডি 1: শ্রেণিকক্ষের কথাবার্তায় উদ্দীপনা জোগাতে ছবির ব্যবহার

*মিস প্রধান পশ্চিমবঙ্গের একটা গ্রামীণ স্কুলে প্রথম শ্রেণির শিক্ষিকা। তিনি বলেন শ্রেণিকক্ষে কথাবার্তা চালাতে কীভাবে তিনি পরিচিত দৃশ্যের চিত্র কাজে লাগান।*

আমার শিক্ষার্থীদের কথা বলতে উৎসাহিত করার জন্য আমি ছবি ব্যবহার করি [চিত্র 1 দেখুন]। স্থানীয় শিল্পীদের দ্বারা সৃষ্ট এই ছবিগুলো বড় মাপের টেঁকসই কাগজে মুদ্রিত এবং প্লাস্টিকে মোড়া। প্রথম ছবির নাম 'আমার গ্রাম' আর দ্বিতীয়টার নাম 'কৃষি'।




**চিত্র 1** দুটো ছবি – 'আমার গ্রাম' (বাঁদিকে) এবং 'কৃষি' (ডানদিকে) – মিস প্রধান তাঁর শিক্ষার্থীদের কথা বলায় উৎসাহ দিতে যেগুলো ব্যবহার করেন

প্রথমে আমি ছবিগুলো দেওয়ালে লাগাই। আমি সেগুলোর ব্যাপারে কিছু বলি না, কিন্তু আমার শিক্ষার্থীদের নিজেদের সময়মত সেগুলো লক্ষ্য করতে আর ভালভাবে দেখতে দিই। পরের এক বা দুই দিনে আমি লক্ষ্য করি আমার শিক্ষার্থীরা ছবিগুলো নিয়ে পরস্পরের মধ্যে কথা বলছে আর সেগুলোর খুঁটিনাটি নিয়ে আলোচনা করছে।

তারপরে আমি প্রতি দিন ছবি দুটো নিয়ে শিক্ষার্থীদের একটা দলের সাথে আলোচনা করার জন্য 20-মিনিটের সেশনের আয়োজন করি। এজন্য আমি কখনো কখনো দলকে বাইরে নিয়ে যাই। সেই সময় আমি শ্রেণির বাকিদের চুপচাপ করার মত অন্য কাজ দিই।

আমি আগে থেকেই অনেকগুলো প্রশ্ন সাজাই। কিছু প্রশ্ন সরল বিবরণ প্রকাশ করার জন্য করা হয়, আর কিছু যুক্তিবিচার, শিক্ষার্থীদের নিজস্ব অভিজ্ঞতার ভিত্তিতে কোন বিষয়ের অনুমান বা সম্পর্কিত করার মাধ্যমে আরো গবেষণামূলক আলোচনায় ইন্ধন জোগানোর জন্য করা হয়। এখানে প্রত্যেক ধরনের কিছু উদাহরণ আছে।

- এটা কিসের ছবি?
- ছবিতে কি দেখছ বর্ণনা করতে পার কি?
- লোকেরা কি করছে?
- তুমি কি কখনো এই খেলাগুলো খেলেছ? এগুলো কীভাবে খেলতে হয় তুমি কি বুঝিয়ে বলতে পার?

- তুমি কি কখনো তোমার পরিবারকে ক্ষেতের কাজে সাহায্য করেছ?
- ক্ষেত থেকে পাওয়া খাবারের মধ্যে তোমার প্রিয় কোনটা? তুমি কীভাবে সেই খাবার তৈরি কর?
- ছবির কোন অংশটি তুমি সবচেয়ে বেশি পছন্দ কর? কেন সেটা পছন্দ কর ?

আমি তাদের ভুল না শুধরে বা বাধা না দিয়ে প্রত্যেক শিক্ষার্থীর কথা শুনি। আমি অন্য শিক্ষার্থীদেরও মন দিয়ে শোনার উপর জোর দিই। আমার শিক্ষার্থীরা কি দেখছে ও জানছে সেই সম্পর্কে কথা বলতে উৎসাহিত করার মাধ্যমে আমি তাদের সম্বন্ধে অনেক কিছু জানতে পারি। এটা আমাকে তাদের ক্ষমতা সম্পর্কে মূল্যায়ন করতে এবং সেগুলিকে সমর্থন করা বা আরও সম্প্রসারিত করার উপায়গুলি বিবেচনা করে সাহায্য করে।

আমার শিক্ষার্থীদের মধ্যে কয়েকজন কথা বলার ব্যাপারে খুবই লাজুক, কিন্তু তারা তাদের সহপাঠীদের কথা স্পষ্টভাবে শোনে। আমি তাদের সহজ প্রশ্ন জিজ্ঞাসা করতে চেষ্টা করি যার উত্তর তারা একটা শব্দে দিতে পারে, বা সম্মতি জানিয়ে বা মাথা নেড়ে এটা নির্দেশ করতে পারে যে তারা আমার কথা বুঝেছে।

আমি সবসময় আমার শিক্ষার্থীদের কথা বলা ও শোনার ভালো আদর্শ হওয়ার চেষ্টা করি। আমি স্পষ্টভাবে কথা বলি, যারা উত্তর দেয় তাদের চোখে চোখ রাখি এবং তাদের উত্তরের ব্যাপারে আমার আগ্রহ প্রকাশ করতে আরও প্রশ্ন জিজ্ঞাসা করি।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- মিস প্রধানের কোন প্রশ্নগুলি তাঁর শিক্ষার্থীদের গবেষণামূলক আলোচনা করতে উৎসাহিত করে?
- কীভাবে তিনি নিশ্চিত হন যে তাঁর সমস্ত শিক্ষার্থীরা কার্যকলাপের সঙ্গে জড়িত থাকে?
- বক্তা ও শ্রোতা হিসাবে তাঁর শিক্ষার্থীদের মূল্যায়ন করার জন্য, মিস প্রধানের কী কী সুযোগ আছে?

আপনার শিক্ষার্থীরা সম্ভবত বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও ভাষাগত পটভূমি থেকে আসবে। কথা বলা ও শোনার অ্যাক্টিভিটি যা আপনি আপনার শ্রেনিকক্ষে অন্তর্ভুক্ত করেন তা বিভিন্ন জ্ঞান থেকে নেওয়া উচিৎ যা আপনার শিক্ষার্থীরা স্কুলে নিয়ে আসে। এটা বিশেষ করে সেই শিক্ষার্থীদের জন্য সত্যি যাদের বাড়ির ভাষা স্কুলের ভাষা থেকে পৃথক। লক্ষ্য করুন কেস স্টাডি 1-এ যে ছবির প্রম্পটগুলি ব্যবহৃত হয়েছে তা মিস প্রধানের সমস্ত শিক্ষার্থীদের কাছে পরিচিত দৃশ্য হবে। সচেতন থাকুন যে নীরব শিক্ষার্থীরাও শোনা, চিন্তা করা ও শেখার মাধ্যমে অংশ গ্রহণ করতে পারে।

নিচের কার্যকলাপে আপনার শিক্ষার্থীদের কথা বলতে ও শুনতে উদ্দীপনা জোগাতে আপনি ছবি ব্যবহার করবেন।

## অ্যাক্টিভিটি 2: একটা ছবি-ভিত্তিক দলবদ্ধ আলোচনা

আপনি এই কার্যকলাপের জন্য পাঠ্যবই অথবা স্কুল বা স্থানীয় জনগোষ্ঠীর অন্য যে কোনো উৎস থেকে যেকোন ছবি ব্যবহার করতে পারেন।

ধারণার জন্য কেস স্টাডি 1 ব্যবহার করে একটা পাঠের পরিকল্পনা করুন যাতে আপনি একটা ছবি বা অনেকগুলো ছবি ব্যবহার করে আপনার শিক্ষার্থীদেরকে তারা যা দেখেছে বা ঘটছে বলে কল্পনা করছে, সে সম্পর্কে কথা বলতে এবং তাদের জ্ঞান ও অভিজ্ঞতার সঙ্গে তাকে সম্পর্কিত করতে উদ্দীপনা জোগাতে পারেন।


পাঠের পরিকল্পনা করার আগে নিচেরগুলো করুন:

- আপনি কীভাবে আপনার অ্যাক্টিভিটি সংগঠিত করবেন সে বিষয়ে চিন্তা করুন। এটা জুটিতে, ছোটো দলে বা সম্পূর্ণ শ্রেণির সঙ্গে করা হবে কিনা এবং শ্রেণির ভিতরে নাকি বাইরে করা হবে বিবেচনা করুন।
- আপনি আপনার শিক্ষার্থীদের যে ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন সেই বিষয়ে আপনার সহকর্মীর সঙ্গে

যৌথভাবে আলোচনা করুন।

নিচের প্রশ্নগুলো চিত্র 2-এর ছবিগুলোর ওপর ভিত্তি করে করা হয়। আপনার ব্যবহার করা ছবি ও আপনি যে শ্রেণিতে পড়াচ্ছেন তার বয়সের ওপর নির্ভর করে আপনাকে অন্যান্য প্রশ্ন তৈরি করতে হবে:

- বর্ণনামূলক প্রশ্ন:
  - এই ছবিতে কি ঘটছে বলে মনে কর?
  - বাচ্চারা কি করছে?
  - সেখানে কত জন মেয়ে আছে? ছেলে কত জন? প্রাপ্তবয়স্ক কত জন?
  - তুমি কি কি রঙ দেখতে পাচ্ছ?
- যুক্তিবিচারমূলক প্রশ্ন:
  - প্রাপ্তবয়স্কদের কয়েকজনকে দেখিয়ে জিজ্ঞাসা করুন, 'এরা কে বলে তুমি মনে কর, এবং তারা পরস্পরকে কি বলছে?'
  - বাচ্চাদের কয়েকজনকে দেখিয়ে জিজ্ঞাসা করুন, 'তারা কি বলছে বলে তোমার মনে হয়?'
  - এটা কেমন আবহাওয়া বা কোন ঋতু? তুমি কীভাবে জানলে?
  - এটা দিনের কোন সময় বলে মনে হয়? কেন?
  - এটা কি শান্ত বা কোলাহলমুখর অবস্থা? কি করে বলতে পারছ?
  - যে ছেলেটা খাচ্ছে সে যেখানে বসে আছে সেখান থেকে কি যে মেয়েরা লাফদড়ি খেলছে তাদের দেখতে পাচ্ছে?
  - বাচ্চারা কি দুঃখিত না খুশি? কি করে বলতে পারছ?
  - ছেলে আর মেয়েরা আলাদা আলাদা খেলা খেলছে কেন?
  - মেয়েটার কি কানে জোরালো শব্দ ভাল লাগে?
- পূর্বানুমানমূলক প্রশ্ন:
  - ছেলেটা তার গুলতি ছুঁড়লে কি ঘটবে?
  - ছেলেটা কি বল ধরতে পারবে?
  - এরপর কি ঘটবে বলে মনে হয়?
- শিক্ষার্থীর নিজের অভিজ্ঞতার সাথে ছবিটাকে সম্পর্কিত করা:
  - তোমার স্কুল কম্পাউন্ড কি এমন দেখতে?
  - তুমি কি এই খেলাগুলো খেল?
  - তুমি কোন কোন খেলা খেলতে ভালবাস?
  - খেলার মাঠে থাকলে তুমি কী করতে ভালবাসতে?




**চিত্র 2** শিক্ষার্থীদের কথা বলায় ইন্ধন জোগাতে দুটো ছবি

## চিন্তার জন্য সাময়িক বিরতি

আপনি একবার আপনার শ্রেণিতে এই কাজ শুরু করে থাকলে, এই প্রশ্নগুলোর উত্তর দিন:

- আপনি কি ধরনের প্রশ্ন করেছিলেন?
- আপনার শিক্ষার্থীদের উত্তরের আকার এবং গুণমানের বিষয়ে আপনি কি লক্ষ্য করেছিলেন?
- এই কার্যকলাপের সময় আপনার শিক্ষার্থীরা কি কি নৈপুণ্য শিখেছিল? (অন্যদের কথা শোনা, প্রশ্নের উত্তর দেওয়া, তাদের অভিজ্ঞতা সম্পর্কে কথা বলা অথবা ভাবা ও যুক্তিবিচারের জন্য ভাষা ব্যবহার করা এর অন্তর্ভুক্ত হতে পারে, উদাহরণস্বরূপ।)
- তাদের কথাবার্তার কোনোটা কি অন্যান্য পাঠক্রমের সাথে সম্পর্কিত, যেমন অঙ্ক, ভূগোল, অথবা বিজ্ঞান?

আপনার শিক্ষা পরিকল্পনা ও কার্যকলাপে প্রশ্ন ব্যবহার করা সম্পর্কে আরও জানতে সম্পদ 2 ‘চিন্তাভাবনার প্রসার ঘটাতে প্রশ্ন ব্যবহার করা’ পড়ুন।


## ভিডিও: চিন্তাভাবনার প্রসার ঘটাতে প্রশ্ন ব্যবহার করা

পরবর্তী কার্যকলাপে, আপনি আপনার শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে গল্প তৈরি করতে ও বলতে উৎসাহিত করার জন্য ছবি ব্যবহার করবেন।

## অ্যাক্টিভিটি 3: ছবি থেকে একটা গল্প

চিত্র 3-এ চারটে ছবি দেখুন। এই ছবিগুলোর সাথে সম্পর্কিত একটা গল্প তৈরি করুন। এটা আপনার ইচ্ছেমত ছোট বা বড় হতে পারে, আর এতে সংলাপও থাকতে পারে।

একজন সহকর্মীকে আপনার গল্পটি বলুন। তারা এটা সম্পর্কে কি মনে করেন?



**চিত্র 3** গল্প তৈরি করার জন্য ছবির ব্যবহার

এখন আপনার শিক্ষার্থীদের সাথে ছবি-ভিত্তিক গল্প বলার অ্যাক্টিভিটি চালাতে চেষ্টা করুন। এই উদ্দেশ্যে আপনি যে কোন ছবির শৃঙ্খলা ব্যবহার করতে পারেন – কোন বই, পত্রিকা, অথবা সংবাদপত্র থেকে, বা আপনার নিজের আঁকা, বা কোনো বন্ধু বা সহকর্মীর আঁকা।

চিত্র 3-এ ছবির ক্রমানুসারে আপনার নিজের ছোট গল্প বলার মাধ্যমে এই অ্যাক্টিভিটিকে মডেল করে শুরু করুন। তারপর জুটিতে বা দলে আপনার শিক্ষার্থীদের ভাগ করুন এবং একই ছবি দেখিয়ে তাদের আলাদা গল্প তৈরি করতে বলুন। একই বাড়ির ভাষার শিক্ষার্থীদের নিয়ে জুটি বা দল তৈরি করুন যাতে তারা সেই ভাষায় গল্পটা বলার জন্য প্রস্তুতি নিতে পারে। সম্ভব হলে তাদের আলাদা আলাদা কন্ঠস্বর ও ভঙ্গিমা ব্যবহার করতে উৎসাহিত করুন।

সকলে প্রস্তুত হয়ে গেলে, আপনার শিক্ষার্থীদের বলুন আরেকটি জুটি বা দলকে, বা পুরো শ্রেণিকে তাদের গল্পটা বলতে। বাড়ির ভাষার গল্প স্কুলের ভাষায় অনুবাদ করার উপায়গুলি সম্বন্ধে আলোচনা করার জন্যও সময় দিন।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- এই অ্যাক্টিভিটি আপনার শিক্ষার্থীদের ভাষা-সংক্রান্ত শেখার কী কী সুযোগ করে দেয়?
- আপনি কি করে নিশ্চিত করেছিলেন যে আপনার শ্রেণির সকলে এর সাথে জড়িত ছিল?
- আপনি কি করে একটা নির্দিষ্ট পাঠক্রমের ক্ষেত্রের জন্য এটাকে উপযুক্ত করবেন, যেমন ইতিহাস?
- এই ধরনের কার্যকলাপের মধ্যে দিয়ে আপনি কীভাবে ভাষা ও বিষয়ের জ্ঞানের মূল্যায়ন করবেন?

# 3 আপনার পড়ানোয় তথ্য সরবরাহের শিক্ষার্থীদের কথাবার্তা ব্যবহার করা

শিক্ষার্থীরা প্রায়ই তাদের শেখা সম্পর্কে কথাবার্তা বলে। এবার অ্যাক্টিভিটি 4 চেষ্টা করে দেখুন।

## অ্যাক্টিভিটি 4: আপনার শিক্ষার্থীদের কথা শোনা

শেখার সম্পদ হিসেবে শিক্ষার্থীর কথাবার্তার সম্ভাবনা বুঝতে, গোপনে আপনার শিক্ষার্থীদের কথোপকথন শোনার চেষ্টা করুন। সম্ভব হলে একাধিকবার এটা করুন।

আপনার শিক্ষার্থীরা নিম্নলিখিত কয়েকটির মধ্যে কিছু করছে কিনা দেখুন:

- কোনো কিছুতে মনোযোগ দেওয়া
- সে সম্পর্কে যত্নসহকারে চিন্তাভাবনা করা
- পর্যবেক্ষণের আদানপ্রদান করা
- পদ্ধতিগত ভাবে তাদের পর্যবেক্ষণ এবং অভিজ্ঞতা সংগঠিত করা
- পরস্পরের পর্যবেক্ষণ ও অভিজ্ঞতাকে চ্যালেঞ্জ করা
- পর্যবেক্ষণ ও অভিজ্ঞতার ভিত্তিতে তর্ক করা
- একটা পূর্বানুমান করা
- আগেকার কোনো পর্যবেক্ষণ বা অভিজ্ঞতা মনে করা
- অন্য কারো অভিজ্ঞতা বা উপলব্ধি কল্পনা করা
- তাদের নিজস্ব উপলব্ধি বা অভিজ্ঞতা স্মরণ করা।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি কি কোনো শিক্ষার্থীদের কথা শুনেছেন যারা কিছু শেখার প্রক্রিয়ায় ছিল অথবা কথাবার্তার মাধ্যমে তাদের শিক্ষাকে সংহত করছিল?
- আপনি এই কথোপকথনগুলোকে কীভাবে আপনার শিক্ষাদানের সম্পদ হিসেবে কাজে লাগাতে পারেন?

একজন শিক্ষক হিসেবে, ভাল শ্রোতা হওয়া গুরুত্বপূর্ণ। মাঝে মাঝেই আপনি আপনার ভবিষ্যৎ পাঠ পরিকল্পনাগুলোতে আপনার শিক্ষার্থীদের কাছে শোনা কথা থেকে কিছু উপাদান ঢোকাতে পারেন।

এখন কেস স্টাডি 2-এর উদাহরণ দুটো পড়ুন। পড়ার সময় ভাবুন, যে শিক্ষকরা তাঁদের শিক্ষাদান সম্পর্কে তথ্য পেতে কীভাবে তাঁরা যা শোনেন সেটা ব্যবহার করেন। আপনার কাজ শেষ হওয়ার পরে, আপনার শিক্ষার্থীদের কথা শোনার আর একটা সুযোগ খুঁজুন। তাদের কথাবার্তার কোন দিক আপনার শ্রেণিকক্ষের ভবিষ্যৎ কার্যকলাপের জন্য তথ্য পেতে সাহায্য করতে পারে?

## কেস স্টাডি 2: শিক্ষার্থীদের আলোচনার ভিত্তিতে প্রসার ঘটানো

*মিস সেনগুপ্ত হলেন পশ্চিমবঙ্গের দ্বিতীয় শ্রেণির এক শিক্ষিকা।*

আমি বাইরে বসে খাওয়ার সময় জোর গলায় কথা শুনতে পেলাম। আমি ঠিক করেছিলাম হস্তক্ষেপ করব না, বরং মন

দিয়ে শুনব। চারজন শিক্ষার্থী সেদিন সকালে আমার পড়ানো একটা কবিতা নিয়ে তর্কবিতর্ক করছিল। আমি কবিতা পড়ার সময়, শ্রেণি শান্তভাবে শুনেছিল। আমি তাই ধরে নিয়েছিলাম যে প্রত্যেকেই তা বুঝেছিল। কিন্তু আমি আমার শিক্ষার্থীদের তর্কবিতর্ক শুনে বুঝেছিলাম যে তাদের মধ্যে বেশিরভাগই এটা সম্পূর্ণ ভুল বুঝেছিল। তাদের কথার মধ্যে কবিতার কিছু মূল শব্দের অর্থ সম্পর্কে আলাদা রকম ব্যাখ্যা শুনে আমি বিষয়টা জানতে পারি।

আমি পরের দিন তাদের সাথে কবিতাটা আবার পড়ব ও তারা কেমন বোঝে দেখব বলে সিদ্ধান্ত নিই। এই ঘটনাটা আমাকে শেখায় যে পাঠ্যাংশ-ভিত্তিক বিষয়বস্তু পড়ানোর সময়, কোনো শব্দ অপরিচিত কিনা তা পরীক্ষা করতে আর তেমন ক্ষেত্রে যত্ন সহকারে সেটা ব্যাখ্যা করতে আমার আরও বেশি সময় দেওয়া দরকার। সেই থেকে আমি নিয়মিত এভাবেই কাজ করছি এবং ইতিমধ্যেই উপকার লক্ষ্য করেছি।

*মিসেস মুখার্জী বিহারে পঞ্চম শ্রেণির একজন শিক্ষিকা।*

আমার শিক্ষার্থীরা তাদের লেখার কাজে যে প্রসঙ্গগুলো উল্লেখ করবে বলে আশা করি, আমি খুব সংক্ষেপে সেগুলো নির্দিষ্ট করে দিতাম। এর ফলে তাদের লেখাগুলো একইরকম হয়ে যেত।

একদিন সকালে ক্লাসের আগে আমি কয়েকজন শিক্ষার্থীকে একসাথে আলোচনা করতে শুনলাম। সেই কিছু মিনিটের মধ্যে, তারা আশ্চর্যজনক বৈচিত্র্যময় বিষয় নিয়ে আলোচনা করছিল, আর এই আলোচনার সময় তারা ব্যাখ্যা, প্রশ্ন, তর্কবিতর্ক আর পূর্বানুমান করছিল। তাদের অনেক রকম আগ্রহজনক ধ্যানধারণা ছিল।

তাদের কথা শুনতে পাওয়ার ফলে, আমি উপলব্ধি করি যে আমি যদি এইভাবে তাদের কথ্য ভাষায় অভিজ্ঞতা ও আগ্রহের বিষয় উপস্থাপনের সুযোগ দিতাম, তারা অনেক বেশি সৃষ্টিশীল ও অর্থপূর্ণ রূপে লিখতে পারত।

এখন আমি আমার শিক্ষার্থীদের চার-পাঁচজনের দলে সংগঠিত করি আর ব্যক্তিগত ভাবে লেখার কাজ দেওয়ার আগে তাদের একটা বিষয় নিয়ে আলোচনা করতে দিই। এখনও অবধি, তারা যে বিষয়গুলো নিয়ে আলোচনা করেছে আর লিখেছে তার মধ্যে আছে স্কুলের বাইরে একটা চায়ের দোকান, স্থানীয় উৎসব উৎযাপন, সাম্প্রতিক একটা খেলার অনুষ্ঠান, ও আশপাশের অঞ্চলের গাছপালা। কোনো কোনো সময়ে আমি আমার শিক্ষার্থীদের বিদ্যালয়ের দ্বিতীয় কম্পাউন্ডে কিছু পর্যবেক্ষণ করতে পাঠাই, সেগুলো নিয়ে পরস্পরের সাথে আলোচনা করতে আর তারপর সেই বিষয়ে লিখতে বলি।

চূড়ান্ত কার্যকলাপে, আপনি একটা দলবদ্ধ অ্যাক্টিভিটি চালাবেন যার মধ্যে আলোচনা ও লেখা থাকবে। আপনি হয়তো দেখবেন মূল সম্পদ ‘গোষ্ঠীর কাজ ব্যবহার করা’ উপকারী হবে।

## অ্যাক্টিভিটি 5: লেখার প্রস্তুতির জন্য দলবদ্ধ আলোচনাকে কাজে লাগানো

গাইড হিসেবে মিসেস মুখার্জীর কেস স্টাডি ব্যবহার করে, একটা পাঠ প্রস্তুত করুন যেখানে শিক্ষার্থীরা ব্যক্তিগত ভাবে লেখার আগে আপনি তাদের কোন বিষয় নিয়ে আলোচনা করতে বলবেন।

- চার, পাঁচ বা ছয় জনের দলে আপনার শ্রেণিকে ভাগ করুন।
- প্রত্যেক দলকে একটা বিষয় আলোচনা করতে দিন। আপনার শিক্ষার্থীদের বয়স ও আগ্রহের ওপর এটা নির্ভর করবে। অনুপ্রেরণা দেওয়ার জন্য আপনি প্রত্যেক দলকে একটা করে ছবি বা খবরের কাগজের অংশবিশেষ দিতে পারেন।
- দুই বা তিনজন শিক্ষার্থীকে নমুনা করে দেখান কীভাবে তাদের একসঙ্গে আলোচনা করা উচিৎ, কীভাবে অনুসন্ধানমূলক প্রশ্ন করতে হয় এবং সসম্ভ্রমে সহপাঠীদের উত্তর শুনতে হয় তা প্রদর্শন করুন।
- শ্রেণির মধ্যে ঘুরুন, প্রয়োজন হলে দলগুলোকে সাহায্য করুন। এটাকে আপনার শিক্ষার্থীদের আচরণ, ভাষার উপরে দখল এবং আলোচ্য বিষয় সম্বন্ধে তাদের ধারণা পর্যবেক্ষণের সুযোগ হিসেবে কাজে লাগান।
- আলোচনা সেশনের পরে, আপনার শিক্ষার্থীদের একত্রে আলোচিত বিষয় নিয়ে একটা ছোট রচনা লিখতে বলুন।

- কখনো কখনো আগ্রহ সৃষ্টির জন্য দলের অন্য সদস্যদের কাছে আপনার শিক্ষার্থীদের রচনাগুলো বিতরণ করার ইচ্ছে হতে পারে।
- শেষে, আপনার শিক্ষার্থীদের লেখা সংক্রান্ত আপনার মূল্যায়ন থেকে আপনার পরবর্তী পাঠগুলোর পরিকল্পনা সংক্রান্ত তথ্য সংগ্রহ করুন।

# 4 সারসংক্ষেপ

এই ইউনিটে আপনার শিক্ষার্থীদের শ্রেণিকক্ষের শিক্ষায় সাহায্য করার জন্য তাদের পরস্পরের সাথে কথা বলা ও শোনার সুযোগ সৃষ্টি করার কিছু ধারণা দেওয়া হয়েছে। এটা দেখিয়েছে যে বিষয়বস্তু ও ভাষাগত দক্ষতা দুটোর ক্ষেত্রেই শিক্ষার্থীদের বুঝতে পারা ও অগ্রগতি সম্পর্কে আপনার উপলব্ধি সৃষ্টির ক্ষেত্রে তাদের আলোচনা কতটা মূল্যবান হতে পারে। এই ধরনের তথ্য আপনার শ্রেণিকক্ষের অনুশীলন ও পাঠ পরিকল্পনা উভয় ক্ষেত্রেই অবদান রাখতে পারে। আপনার শিক্ষার্থীদের কথাবার্তা শোনার মাধ্যমে, তাদের সাফল্য বৃদ্ধি করতে, আপনি তাদের যা শেখাতে ও ভাবাতে চান, সেইমত পাঠ পরিকল্পনা করতে পারেন।

# সম্পদসমূহ

## সম্পদ 1: শেখার জন্য কথা বলা

### শেখার জন্য কথা বলা গুরুত্বপূর্ণ কেন

কথা বলা মানুষের বিকাশের একটা অংশ, যা আমাদেরকে চিন্তা করতে, শিখতে এবং সারা বিশ্ব সম্বন্ধে ধারণা পেতে সাহায্য করে। মানুষেরা যুক্তি, জ্ঞান ও বোধের বিকাশের উপকরণ হিসেবে ভাষাকে ব্যবহার করে। অতএব, শিক্ষার্থীদেরকে তাদের শেখার অভিজ্ঞতার অংশ হিসেবে কথা বলতে উৎসাহ দেওয়ার অর্থ হল তাদের শিক্ষাগত অগ্রগতির বৃদ্ধি ঘটানো। যে ধারণাগুলো শেখা হচ্ছে সেগুলো সম্বন্ধে আলোচনা করার অর্থ হল:

- সেই ধারণাগুলো খতিয়ে দেখা হচ্ছে
- যুক্তির উন্নতি এবং সংগঠিত করা হচ্ছে
- প্রকৃত অর্থে, শিক্ষার্থীরা আরো বেশি শিখছে

শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের কথা ব্যবহারের বিভিন্ন উপায় আছে। বারবার পড়ে মুখস্থ করা থেকে উচ্চতর পর্যায়ের আলোচনা পর্যন্ত।

পরম্পরাগতভাবে, শিক্ষকের কথাই প্রাধান্য পেয়েছিল, আর শিক্ষার্থীদের কথা বা জ্ঞানের থেকে তাকে বেশি গুরুত্ব দেওয়া হয়। তবে শেখার জন্য কথাকে ব্যবহার করার সঙ্গে পাঠগুলোর পরিকল্পনাও জড়িত আছ। এতে শিক্ষার্থীরা আরো বেশি কথা বলতে পারে আর এমন একটি উপায়ে আরো বেশি শিখতে পারে যা তাদের পূর্বের অভিজ্ঞতার সঙ্গে সংযোগ স্থাপন করে। এটা শিক্ষক ও তাঁর শিক্ষার্থীদের মধ্যে একটা প্রশ্নোত্তর পর্বের থেকে অনেক বেশি কিছু। এতে শিক্ষার্থীদের নিজের ভাষা, ধারণা, যুক্তি ও আগ্রহগুলোকে আরো বেশি সময় দেওয়া হয়। আমাদের মধ্যে বেশির ভাগই কোনো কঠিন সমস্যা সম্বন্ধে অথবা কোনো কিছু জানার জন্য অন্যজনের সঙ্গে কথা বলতে চান, এবং শিক্ষকরা সুপরিকল্পিত অ্যাক্টিভিটিগুলোর সাহায্যে এই সহজাত প্রবৃত্তিকে আরো বৃদ্ধি করতে পারেন।

### শ্রেণিকক্ষে শিখনমূলক অ্যাক্টিভিটিগুলোর জন্য কথা বলার পরিকল্পনা করা

কথা বলার অ্যাক্টিভিটিগুলো পরিকল্পনা করা শুধুমাত্র সাক্ষরতা ও শব্দভান্ডার শেখার পাঠের জন্য নয়; এটা গণিত ও বিজ্ঞান এবং অন্যান্য বিষয়গুলি পরিকল্পনা করারও অংশ। এটা সমগ্র অক্ষরজ্ঞান শ্রেণি, জুটিবদ্ধ ও দলবদ্ধ কাজ, ঘরের

বাইরের অ্যাক্টিভিটি, চরিত্রাভিনয়-ভিত্তিক অ্যাক্টিভিটি, লেখা, পড়া, বাস্তবসম্মত অনুসন্ধান ও সৃজনশীল কাজের ক্ষেত্রেও পরিকল্পনা করা যায়।

এমন কি সীমিত অক্ষরজ্ঞান ও সংখ্যাগত দক্ষতা আছে এমন অল্পবয়সী শিক্ষার্থীরাও উচ্চতর পর্যায়ের চিন্তাভাবনার দক্ষতা প্রদর্শন করতে পারে, যদি কাজটা তাদের পূর্বের অভিজ্ঞতার ভিত্তিতে গড়ে তোলার জন্য পরিকল্পনা করা হয় এবং তা উপভোগ্য হয়। উদাহরণস্বরূপ, শিক্ষার্থীরা একটি গল্প, পশু বা ফটোর কোনো আকার, আঁকা ছবি থেকে বাস্তব জিনিসগুলো সম্বন্ধে পূর্বাভাস দিতে পারে। শিক্ষার্থীরা একটি চরিত্র অভিনয়ের মাধ্যমে কোনো পুতুল বা চরিত্রের কাছে সমস্যাগুলো সম্পর্কে তাদের পরামর্শ এবং সম্ভাব্য সমাধানগুলো জানাতে পারে।

আপনি শিক্ষার্থীদের কী শেখাতে ও চিন্তাভাবনা করাতে চান, এবং আপনি শিক্ষার্থীদের দিয়ে কোন ধরনের আলোচনা প্রস্তুত করাতে চান, তাকে কেন্দ্র করে পাঠটির পরিকল্পনা করুন। কিছু ধরনের আলোচনা অনুসন্ধানমূলক হয়, যেমন: ‘এরপরে কী ঘটতে পারে?’, ‘আমরা কি আগে এটা দেখেছি?’, ‘এটা কী হতে পারে?’ বা ‘এর কারণ কী বলে মনে হয়?’ অন্যান্য ধরনের আলোচনা আরো বেশি বিশ্লেষণমূলক হয়, যেমন ধারণা, প্রমাণ বা প্রস্তাবগুলোর গুরুত্ব যথার্থতা মেপে দেখা।

এটাকে আকর্ষণীয়, উপভোগ্য করে তুলতে চেষ্টা করুন এবং সমস্ত শিক্ষার্থীদের মধ্যে আলোচনায় অংশ নেওয়াকে সম্ভব করে তুলুন। শিক্ষার্থীরা স্বচ্ছন্দে ও নিরাপদে উপহাসের ভয় ছাড়া কিংবা তারা ভুল করছে এটা অনুভব করানো ছাড়াই মত প্রকাশ করতে পারে এবং ধারণাগুলো খতিয়ে দেখতে পারে সে রকম পরিবেশ থাকা প্রয়োজন।

## শিক্ষার্থীদের আলোচনার ভিত্তিতে প্রসার ঘটানো

শেখার জন্য কথা বলা শিক্ষকদের এগুলি করার সুযোগ দেয়:

- শিক্ষার্থীদের বক্তব্য শোনা
- শিক্ষার্থীদের ধারণাগুলোর প্রশংসা করা এবং প্রসার ঘটানো
- এটাকে আরো প্রসারিত করার জন্য শিক্ষার্থীদেরকে উৎসাহ দেওয়া।

সমস্ত উত্তরগুলোকে লিখিত বা প্রথাগতভাবে মূল্যায়ন করতে হবে না, কারণ আলোচনার মাধ্যমে ধারণাগুলোর বিকাশ করা হল শেখার একটা গুরুত্বপূর্ণ অংশ। তাদের অভিজ্ঞতা ও ধারণাগুলোকে ব্যবহার করে তাদের শেখাকে প্রাসঙ্গিক অনুভব করাতে হবে। সেরা শিক্ষার্থীদের আলোচনা অনুসন্ধানমূলক হয়, অর্থাৎ শিক্ষার্থীরা একে অন্যের ধারণাগুলোকে খতিয়ে দেখে ও চ্যালেঞ্জ জানায়, যাতে তারা তাদের উত্তরগুলো সম্বন্ধে আত্মবিশ্বাসী হয়ে উঠতে পারে। একসাথে আলোচনারত দলগুলোকে উৎসাহ দিতে হবে যাতে তারা সহজে কোনো উত্তর স্বীকার না করে, সে যেই দিয়ে থাকুক না কেন। আপনি সমগ্র শ্রেণির ব্যবস্থাতে ‘কেন?’, ‘তুমি কীভাবে সেই সিদ্ধান্ত নিয়েছিলে?’ বা ‘তুমি কী এই সমাধানে কোনো সমস্যা দেখতে পাও?’ এই ধরনের অনুসন্ধানমূলক প্রশ্ন ব্যবহারের মাধ্যমে চিন্তাভাবনাকে চ্যালেঞ্জ জানানোর মডেল প্রস্তুত করতে পারেন। আপনি শ্রেণিকক্ষের চারদিকে ঘোরাফেরা করে শিক্ষার্থীদের দলগুলোর কথা শুনতে পারেন এবং এই ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করে তাদের চিন্তাভাবনাকে প্রসারিত করতে পারেন।

শিক্ষার্থীদের আলোচনা, ধারণা ও অভিজ্ঞতাগুলোকে গুরুত্ব দেওয়া ও প্রশংসা করা হলে তারা উৎসাহিত হবে। শিক্ষার্থীদের কথা বলা, মন দিয়ে শোনা, একে অন্যকে প্রশ্ন করা এবং বাধা না দিতে শেখার সময় এরকম আচরণের জন্য তাদের প্রশংসা করুন। শ্রেণির পিছিয়ে থাকা শিক্ষার্থীদের সম্বন্ধে সচেতন থাকুন এবং আপনি কীভাবে তাদেরকে অন্তর্ভুক্ত করা সুনিশ্চিত করতে পারেন সেই বিষয়ে ভাবুন। সমস্ত শিক্ষার্থীকে পূর্ণরূপে অংশগ্রহণের সুযোগ করে দেয় এমনভাবে কাজ করার উপায়গুলি প্রতিষ্ঠা করার জন্য কিছু সময় লাগতে পারে।

### শিক্ষার্থীদের নিজে থেকে প্রশ্ন জিজ্ঞাসা করতে উৎসাহ দান

আপনার শ্রেণিকক্ষে প্রচুর সমস্যাবহুল প্রশ্ন জিজ্ঞাসা করা এবং শিক্ষার্থীদের ধারণাগুলোকে মান্যতা দেওয়া ও প্রশংসা করা হয় এমন পরিবেশ তৈরি করুন। শিক্ষার্থীরা যদি ভয় পায় যে তাদের প্রশ্নগুলোকে কীভাবে গ্রহণ করা হবে, কিংবা তারা যদি ভাবে যে, তাদের ধারণাগুলোকে গুরুত্ব দেওয়া হবে না, তাহলে তারা প্রশ্ন করবে না। শিক্ষার্থীদের প্রশ্ন জিজ্ঞাসা করতে আমন্ত্রণ জানালে তাদেরকে কৌতুহল হতে উৎসাহ দেয়, তাদেরকে শেখানোর ব্যাপারে ভিন্ন কোনো উপায়ে ভাবতে এবং তাদের দৃষ্টিভঙ্গী বুঝতে আপনাকে সাহায্য করে।

আপনি কিছু নিয়মিত দলগত বা জুটিবদ্ধ কাজ, হয়ত বা 'শিক্ষার্থীদের প্রশ্নকাল' পরিকল্পনা করতে পারেন, যাতে শিক্ষার্থীরা প্রশ্ন উত্থাপন করতে বা ব্যাখ্যা চাইতে পারে।

আপনি এগুলি করতে পারেন:

- আপনার পাঠের একটি বিভাগকে 'তোমার কোনো প্রশ্ন থাকলে হাত ওঠাও' নামকরণ করতে পারেন
- একজন শিক্ষার্থীকে হট-সিটে বসান, আর অন্যান্য শিক্ষার্থীদেরকে উৎসাহ দিন সেই শিক্ষার্থীকে এমনভাবে প্রশ্ন জিজ্ঞাসা করতে যেন সে উদাহরণস্বরূপ পীথাগোরাস বা মীরাবাঈয়ের চরিত্রে অভিনয় করছে
- জুটিবদ্ধভাবে বা ছোট ছোট দলে 'আমাকে আরো বলো' খেলাটা খেলুন
- সাধারণ অনুসন্ধান অভ্যাস করার জন্য শিক্ষার্থীদের কে/কী/কোথায়/কখন/কেন প্রশ্নগুলো সহ একটি প্রশ্ন তালিকা দিন
- শিক্ষার্থীদের কিছু তথ্য দিন (যেমন ওয়ার্ল্ড ডেটা ব্যাংক থেকে লভ্য তথ্য, যেমন বিভিন্ন দেশে পূর্ণ সময়ের শিক্ষায় থাকা শিশুদের শতকরা হার বা কেবলমাত্র স্তন্যপান করানোর হার) এবং আপনি এই তথ্য সম্বন্ধে কী কী প্রশ্ন করতে পারেন সেই বিষয়ে তাদেরকে ভাবতে বলুন
- শিক্ষার্থীদের সপ্তাহের সেরা প্রশ্নের তালিকা সহ প্রশ্নের দেওয়ালের একটি নকশা প্রস্তুত করুন

শিক্ষার্থীরা যখন তাদের কাছ থেকে আসা প্রশ্নগুলো জিজ্ঞাসা করা ও তার উত্তর দেওয়ার জন্য স্বাধীন হয়, তখন আপনি তাদের আগ্রহ ও চিন্তাভাবনার স্তর দেখে প্রশংসাপূর্ণভাবে বিস্মিত হতে পারেন। শিক্ষার্থীরা যখন কীভাবে আরো স্পষ্ট ও নির্ভুলভাবে মতবিনিময় করা যায় তা শেখে তাতে তারা শুধু যে তাদের মৌখিক ও লিখিত শব্দভান্ডার বৃদ্ধি হয় শুধু তাই নয় এর ফলে তাদের নতুন জ্ঞান ও দক্ষতাও বিকশিত হয়।

## সম্পদ 2: চিন্তাশক্তি উন্নত করতে প্রশ্নের ব্যবহার

শিক্ষকরা সবসময়ই তাঁদের শিক্ষার্থীদেরকে প্রশ্ন করেন; প্রশ্ন করা মানে হল শিক্ষকরা তাঁদের শিক্ষার্থীদেরকে শিখতে এবং আরো বেশি শিখতে সাহায্য করতে পারেন। গড়পড়তাভাবে, একজন শিক্ষক একটি পড়ানোর এক-তৃতীয়াংশ সময় তাঁদের শিক্ষার্থীদের প্রশ্ন করাতে ব্যয় করেন (হেস্টিংস, 2003)। করা প্রশ্নগুলির, 60 শতাংশ স্মরণ করানো তথ্য এবং 20 শতাংশ হল পদ্ধতিগত (হেটি, 2012), বেশির ভাগ উত্তরই ঠিক বা ভুল সংক্রান্ত। কিন্তু শুধুমাত্র ভুল বা ঠিক হতে পারে এমন প্রশ্ন জিজ্ঞাসা করা কি শেখায় উন্নতি ঘটাতে পারে?

শিক্ষার্থীদেরকে জিজ্ঞেস করার মতো বহু ধরনের প্রশ্ন রয়েছে। শিক্ষক যে উত্তর এবং ফলাফল চান তা প্রশ্নের প্রকৃতি নির্দেশ করে যা শিক্ষকের সদ্ব্যবহার করা উচিত। শিক্ষকরা সাধারণত এই উদ্দেশ্যে শিক্ষার্থীদেরকে প্রশ্ন জিজ্ঞাসা করেন:

- নতুন বিষয় বা উপকরণের সাথে পরিচয় করাতে শিক্ষার্থীদের বোধকে সেই দিকে পরিচালিত করতে
- শিক্ষার্থীদেরকে তাদের চিন্তা বৃহত্তরভাবে ভাগ করে নেওয়ার জন্য চেষ্টা করাতে
- ভুল সংশোধন করতে
- শিক্ষার্থীদেরকে মানসিকভাবে বিস্তৃত করতে
- বোধগম্যতা পরীক্ষা করতে।

শিক্ষার্থীরা কি জানে তা খুঁজে দেখতে সাধারণত প্রশ্নের ব্যবহার হয়, কাজেই তাদের অগ্রগতির মূল্যায়ন করতে এটি গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদেরকে অনুপ্রাণিত করতে, তাদের চিন্তার দক্ষতা বিস্তৃত করতে এবং উৎসুক মানসিকার বিকাশ ঘটাতেও প্রশ্নগুলি ব্যবহার করা যেতে পারে। এদের দুটি বড় শ্রেণিতে বিভক্ত করা যেতে পারে:

- **নিম্নতর-ক্রমের প্রশ্নাবলী**, যার মধ্যে তথ্যের স্মরণ করানো এবং আগে শেখানো জ্ঞান জড়িত থাকে, প্রায়শই আবদ্ধ প্রশ্ন থাকে যার উত্তর হ্যাঁ বা না দিয়ে হয়।
- **উচ্চতর-ক্রমের প্রশ্নাবলী**, যাতে আরো বেশি ভাবনাচিন্তার দরকার হয়। যুক্তিসম্মত উপায়ে কোন মতের সমর্থন করতে বা শিক্ষার্থীদেরকে আগে শেখা তথ্য একত্রিত করে উত্তর গঠন করতে বলতে পারেন। উচ্চতর-ক্রমের প্রশ্নগুলি প্রায়শই উন্মুক্ত হয়ে থাকে।

উন্মুক্ত (Open ended) প্রশ্নগুলি শিক্ষার্থীদেরকে পাঠ্যবই-নির্ভর উত্তরের বাইরে গিয়ে ভাবতে উৎসাহিত করে, এবং এভাবেই উত্তরের ব্যাপ্তি বের করে আনে। উন্মুক্ত প্রশ্নগুলি শিক্ষার্থীদের বিষয়বস্তুর বোধগমত্যা মূল্যায়ন করতেও শিক্ষকদেরকে সাহায্য করে।

## শিক্ষার্থীদেরকে উত্তর দিতে উৎসাহিত করা

বহু শিক্ষকই কোন প্রশ্নের উত্তর প্রয়োজন হওয়ার আগে এক সেকেন্ডেরও কম সময় দেন এবং এই কারণে তাঁরা নিজেরাই প্রশ্নটির উত্তর দিয়ে দেন বা প্রশ্নটি পুনর্গঠন করেন (হেস্টিংস, 2003)। শিক্ষার্থীদের কাছে কেবলমাত্র প্রতিক্রিয়া দেওয়ার সময় থাকে- তাদের কাছে ভাববার সময় থাকে না! যদি আপনি উত্তরে জন্য কয়েক সেকেন্ড অপেক্ষা করেন তাহলে শিক্ষার্থীরা চিন্তা করার সময় পাবে। এটি শিক্ষার্থীদের কৃতিত্বের উপর একটি ইতিবাচক প্রভাব ফেলে। একটি প্রশ্ন করার পরে অপেক্ষা করার দ্বারা, নিচের বিষয়গুলো বৃদ্ধি পায়:

- শিক্ষার্থীদের উত্তরের দৈর্ঘ্য
- উত্তরদাতা শিক্ষার্থীদের সংখ্যা
- শিক্ষার্থীদের প্রশ্নের হার
- কম সমর্থ শিক্ষার্থীদের কাছ থেকে উত্তরের সংখ্যা
- শিক্ষার্থীদের মধ্যে ইতিবাচক পারস্পরিক আদানপ্রদান

## আপনার উত্তর গুরুত্বপূর্ণ

যত ইতিবাচকভাবে আপনি প্রদত্ত সকল উত্তরগুলি গ্রহণ করবেন, তত বেশি শিক্ষার্থীরা চিন্তা করা এবং চেষ্টা করা বজায় রাখবে। ভুল উত্তর ও ধারণাগুলির সংশোধন নিশ্চিত করার বহু উপায় আছে। একজন শিক্ষার্থীর ভুল ধারণা অন্য অনেকের মধ্যেই আছে সে সম্পর্কে আপনি নিশ্চিত হতে পারেন। আপনি নিম্নলিখিত বিষয়গুলো চেষ্টা করে দেখতে পারেন:

- উত্তরের সেই অংশগুলি বেছে নিন যেগুলি সঠিক এবং সহায়তাপূর্বক উপায়ে উত্তরগুলি নিয়ে শিক্ষার্থীদেরকে আরেকটু ভাবতে বলুন। এটি আরো সক্রিয় অংশগ্রহণে উত্সাহিত করবে এবং আপনার শিক্ষার্থীদেরকে তাদের ভুল থেকে শিখতে সাহায্য করবে। কীভাবে আপনি সহায়তাপূর্বক উপায়ে কোন ভুল উত্তরে সাড়া দিতে পারেন তা নিম্নলিখিত মন্তব্যগুলির মাধ্যমে দেখানো হলো: ‘বাষ্পীভবন যে মেঘ তৈরী করে সে ব্যাপারে তুমি ঠিকই ছিলে, কিন্তু আমার মনে হয় তুমি বৃষ্টি সম্পর্কে যা বলেছো সেটা আমাদের আরেকটু বেশি ভেবে দেখা উচিত। অন্য কেউ কি কোন ধারণা দিতে পারো?’
- শিক্ষার্থীদের দেওয়া সব উত্তরগুলি ব্ল্যাকবোর্ডে লিখুন এবং তারপর শিক্ষার্থীদেরকে সেগুলির সবকটি নিয়ে ভাবতে বলুন। কোন উত্তরগুলি ঠিক বলে তাদের মনে হয়? কোন ধারণা থেকে অন্য উত্তরগুলি দেওয়া হয়েছিল বলে মনে করা যেতে পারে? এটি শিক্ষার্থীরা যে ভাবনা চিন্তা করছে তা বোঝার জন্য আপনাকে একটি সুযোগ প্রদান করে এবং শিক্ষার্থীদেরকে তাদের মধ্যে থাকতে পারে এমন যে কোন ভুল ধারণা ভীতিহীনভাবে সংশোধনের উপায় প্রদান করে।

সতর্কভাবে শোনা এবং শিক্ষার্থীদেরকে আরও ব্যাখ্যা করতে বলার দ্বারা সব উত্তরগুলিকে মর্যাদা দিন। যদি আপনি ঠিক ভুল নির্বিশেষে সব উত্তরগুলির জন্য আবার ব্যাখ্যা চান, তাহলে শিক্ষার্থীরা প্রায়শই কোন ভুল নিজেরাই ঠিক করে নেবে, আপনি একটি চিন্তাশীল শ্রেণিকক্ষ তৈরি করবেন এবং আপনার শিক্ষার্থীরা কি শিখেছে এবং কীভাবে এগোতে হবে তা আপনি সত্যিই জানবেন। যদি ভুল উত্তর অপমান বা শাস্তিতে পর্যবসিত হয় তাহলে আপনার শিক্ষার্থীরা আবার বিব্রত হওয়া বা উপহাসের ভয়ে চেষ্টা করা বন্ধ করে দেবে।

## উত্তরগুলির গুণগত মান উন্নত করা

এটি গুরুত্বপূর্ণ যে আপনি সঠিক উত্তরে শেষ হয় না এমন একটি প্রশ্নের ক্রম অবলম্বনের চেষ্টা করবেন। অনুসরণকারী প্রশ্ন দিয়ে সঠিক উত্তরগুলি পুরস্কৃত হওয়া উচিত, যেগুলি জ্ঞানের বিস্তার ঘটায় এবং শিক্ষার্থীদেরকে শিক্ষকদের সাথে জড়িত হওয়ার সুযোগ প্রদান করে। আপনি এগুলি জিজ্ঞাসা করার দ্বারা এটি করতে পারেন:

- কীভাবে বা কেন
- উত্তর দেওয়ার অন্য উপায়
- আরো ভালো একটি শব্দ
- এটি উত্তর তা প্রতিপন্ন করার প্রমাণ
- একটি প্রাসঙ্গিক দক্ষতার সংযোজন ঘটানো
- একটি নতুন গঠন বিন্যাসে একই দক্ষতা বা যুক্তির প্রয়োগ করা।

আপনার ভূমিকার আরেকটি গুরুত্বপূর্ণ অংশ শিক্ষার্থীদেরকে তাদের উত্তর সম্পর্কে আরো গভীরভাবে চিন্তা করতে সাহায্য করা (এবং এভাবেই তাদের উত্তরের মান উন্নত করা)। নিম্নলিখিত দক্ষতাগুলি শিক্ষার্থীদেরকে আরো বেশি কৃতিত্ব অর্জন করতে সাহায্য করবে:

- **প্ররোচিত** করার জন্য যথাযথ ইঙ্গিত দেওয়া দরকার- যেগুলি শিক্ষার্থীদেরকে তাদের উত্তর উন্নত করতে এবং আরো ভালো করতে সাহায্য করে। প্রথমে আপনি হয়তো বলবার জন্য উত্তরটিতে কি কি সঠিক তা বেছে নিতে পারেন এবং তারপর তথ্য, আরো প্রশ্ন বা অন্যান্য ইঙ্গিত প্রদান করতে পারেন। ('যদি তোমরা তোমাদের কাগজের উড়োজাহাজের শেষে একটি ভার যোগ করো তাহলে কি ঘটতে পারে?')
- **অনুসন্ধান করা** হল আরো বেশি খুঁজে বার করার চেষ্টা, একটি অগোছালো উত্তর বা আংশিক সঠিক উত্তর উন্নত করতে তারা কি বলতে চাইছে তা ব্যাখ্যা করে দেওয়ার দ্বারা শিক্ষার্থীদেরকে সাহায্য করা। ('তাহলে এটা কীভাবে একসঙ্গে খাপ খায় সে সম্পর্কে তুমি আমাকে আর কি বলতে পারো?')
- **পুনরায় দৃষ্টিনিবদ্ধকরণ** হল শিক্ষার্থীদের জ্ঞানের সাথে তাদের আগে শেখা জ্ঞানের সংযোগ সাধন করতে সঠিক উত্তর তৈরী করা। এটি তাদের বোঝাপড়া বৃদ্ধি করে। ('তুমি যা বলেছ তা সঠিক, কিন্তু গত সপ্তাহে আমাদের স্থানীয় পরিবেশের বিষয়ে আমরা যা দেখেছি তার সাথে এটি কীভাবে সম্পর্কযুক্ত?')
- **ক্রমানুসারে** প্রশ্নগুলিকে সাজানো মানে হল চিন্তার সম্প্রসারণ ঘটাতে এক পরিকল্পিত ক্রমে প্রশ্নগুলি জিজ্ঞাসা করা। প্রশ্নগুলির মাধ্যমে শিক্ষার্থীদেরকে সারসংগ্রহ করা, তুলনা করা, ব্যাখ্যা বা বিশ্লেষণ করার দিকে চালিত করা উচিত। এমন প্রশ্ন প্রস্তুত করুন যা শিক্ষার্থীদের মানসিক বিস্তার ঘটাবে, কিন্তু তাদেরকে এতটাও সমস্যাবহুল অবস্থায় ফেলবে না যাতে তারা প্রশ্নের মানেই হারিয়ে ফেলে। ('কীভাবে তুমি তোমার আগের সমস্যা অতিক্রম করেছো তা ব্যাখ্যা করো। সেটা কী পার্থক্য তৈরি করেছিল? এর পরে আপনার কি মোকাবিলা করা প্রয়োজন বলে আপনার মনে হয়?')
- **মন দিয়ে শোনা** আপনাকে শুধু আপনার প্রত্যাশিত উত্তর খুঁজতেই সমর্থ করে না, বরং আপনাকে লক্ষ্যণীয় বা উদ্ভাবনমূলক উত্তরের প্রতিও সজাগ করে তোলে যা হয়তো আপনি প্রত্যাশাই করেননি। এছাড়াও এটি দেখায় যে আপনি শিক্ষার্থীদের চিন্তাভাবনার মর্যাদা দিচ্ছেন এবং সে কারণেই তাদের চিন্তাশীল উত্তর দেওয়া আরো বেশি সম্ভবপর হয়। এরকম উত্তরগুলি ভুল ধারণাকে দৃষ্টিগোচর করতে পারে, যা হয়তো সংশোধন করা প্রয়োজন, বা তারা হয়তো একটি নতুন আঙ্গিক দেখাতে পারে, যা আপনি বিবেচনা করে দেখেননি। ('আমি সেটা ভেবেই দেখিনি। তুমি এরকম কেন ভাবলে সেটা নিয়ে আমাকে আরো একটু বলো।')

একজন শিক্ষক হিসাবে, যদি আপনি আপনার শিক্ষার্থীদের কাছ থেকে আকর্ষণীয় এবং উদ্ভাবনী উত্তর পেতে চান, তাহলে আপনার এমন প্রশ্ন জিজ্ঞাসা করা প্রয়োজন যা উদ্বুদ্ধকারী এবং সমস্যাবহুল। তাদেরকে ভাবতে সময় দেওয়া উচিত এবং আপনি দেখে অবাক হবেন, আপনার শিক্ষার্থীরা কতটা জানে এবং কতটা ভালোভাবে আপনি তাদেরকে তাদের শেখায় অগ্রগতি ঘটাতে সাহায্য করতে পারছেন।

মনে রাখবেন, প্রশ্ন করার মানে হলো শিক্ষক কি জানেন তা দেখা নয়, বরং শিক্ষার্থীরা কি জানে তা দেখা। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে আপনার কখনোই নিজের করা প্রশ্নগুলির উত্তর দেওয়া উচিত নয়! যাই হোক না কেন, যদি শিক্ষার্থীরা জেনে যায় যে আপনি তাদেরকে কয়েক সেকেন্ড নীরবতার পরে উত্তর দিয়ে দেবেন, তাহলে উত্তরগুলিতে তাদের উৎসাহ আর কোথায় রইল?

# অতিরিক্ত সম্পদসমূহ

- A selection of multilingual activities: http://mlenetwork.org/content/activities-early-grades-mother-tongue-l1-based-multilingual-education-programs
- The Rishi Valley rural education programme has published a number of different resources, some of which include pictures, poems in state and local languages: http://rishivalley.org/publications/list_of_titles.htm
- Some stories from Rishi Valley told in Hindi with downloadable written version and worksheets: http://rishivalley.org/rvite/Stories%20with%20Worksheets.htm
- Articles from Rishi Valley in Hindi and English about teaching Hindi to children: http://rishivalley.org/rvite/articles_teaching_hindi_children.htm
- Amar Boi-Class I, Paschimbanga Prathamik shiksha Parshad, Vidyalaya Shiksha Daptar, Paschimbanga Sarkar
- Abol Tabol-Sukumar Roy

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Barnes, D. (1992) *From Communication to Curriculum*, 2nd edn. Portsmouth, NH: Boynton/Cook-Heinemann.

Barnes, D. (2008) 'Exploratory talk for learning' in Mercer, N. and Hodgkinson, S. (eds) *Exploring Talk in School*. London: Sage Publications, pp.1–15.

Fisher, D., Frey, N. and Rothenberg, C. (2008) 'Procedures for classroom talk', Chapter 5 in *Content Area Conversations: How to Plan Discussion-Based Lessons for Diverse Language Learners*. Alexandria, VA: Association for Supervision and Curriculum Development. Available from: http://www.ascd.org/publications/books/108035/chapters/Procedures-for-Classroom-Talk.aspx (accessed 28 October 2014).

Genishi, C. (undated) 'Young children's oral language development' (online), Reading Rockets. Available from: http://www.readingrockets.org/article/383 (accessed 28 October 2014).

Hastings, S. (2003) 'Questioning', *TES Newspaper*, 4 July. Available from: http://www.tes.co.uk/article.aspx?storycode=381755 (accessed 22 September 2014).

Hattie, J. (2012) *Visible Learning for Teachers: Maximising the Impact on Learning*. Abingdon: Routledge.

Higgins, S. (2001a) 'Developing thinking skills in the primary classroom' (online), paper presented at the Register of Primary Research Seminar Conference 'Raising Achievement: Developing Thinking Skills', Education-Line, 27 October. Available from: http://www.leeds.ac.uk/educol/documents/140953.htm (accessed 28 October 2014).

Higgins, S. (2001b) *Thinking Through Primary Teaching*. Cambridge, UK: Chris Kington Publishing.

McCandlish S. (2012) 'Taking a "slice" of the oral language pie: an approach for developing oral language in schools' (online). Available from: http://www.decd.sa.gov.au/northernadelaide/files/links/Taking_a_slice_of_Oral_Lan.pdf (accessed 28 October 2014).

Mercer, N. (1995) *The Guided Construction of Knowledge: Talk Amongst Teachers and Learners*. Clevedon: Multilingual Matters.

Neaum, S. (2012) *Language and Literacy for the Early Years*. London: Sage.

Prince, A.W. (undated) 'Promoting oral language development in young children' (online), Super Duper Publications. Available from:
http://www.superduperinc.com/handouts/pdf/120_oral_language_development.pdf
(accessed 28 October 2014).

Roskos, K.A., Tabors, P.O. and, Lenhart, L. A. (2009) *Oral Language and Early Literacy in Preschool: Talking, Reading, and Writing*, 2nd edn. International Reading Association . Available from: http://www.reading.org/Libraries/books/bk693-1-Roskos.pdf (accessed 28 October 2014).

Vygotsky, L.S. (1962) *Thought and Language*. Cambridge, MA: MIT Press. For a brief summary of Vygotsky's ideas on thought and language and the differences between his and Piaget's ideas, see: http://www.simplypsychology.org/vygotsky.html (accessed 28 October 2014).

Wells, G. (1993) 'Reevaluating the IRF sequence', *Linguistics and Education*, no. 5, pp. 1–37.

# কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 1: বাঁদিকে, 'আমার গ্রাম' এবং ডানদিকে, 'কৃষি', © স্থানীয় শিল্পীবৃন্দ - অজ্ঞাত। [Figure 1: left, 'My Village' and right, 'Agriculture', © local artists – unidentified]

চিত্র 2: NCERT, রিমঝিম, হিন্দি, ক্লাস 1, অধ্যায় 2: [Figure 2: NCERT, Rimjhim, Hindi, Class 1, Chapter 2:] http://ncert.nic.in/NCERTS/textbook/textbook.htm?ahhn1=2-23.

চিত্র 3: কৃতজ্ঞতা স্বীকার: বিদ্যা ভবন এডুকেশন রিসোর্স সেন্টার, উদয়পুর। [Figure 3: Credit: Vidya Bhawan Education Resource Centre, Udaipur]

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।